


৪ ঘণ্টা পর পরিস্থিতি স্বাভাবিক, ক্যাম্পাসে ফিরেছেন শিক্ষার্থীরা

ইতেফাক ডিজিটাল ডেক্স

প্রকাশ : ২৭ জানুয়ারি ২০২৫, ০৩:৪০



ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ও ৭ কলেজের মধ্যে দীর্ঘ প্রায় ৪ ঘণ্টার সংঘর্ষ-ধাওয়া পালটা ধাওয়া শেষে নিউমার্কেট এলাকার পরিস্থিতি স্বাভাবিক হয়েছে। এসময় ঢাবি প্রট্টরের সঙ্গে ক্যাম্পাসে ফিরেছেন ঢাবি শিক্ষার্থীরা।

 দৈনিক ইতেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

সোমবার (২৭ জানুয়ারি) দিবাগত রাত আড়াইটার পর প্রট্টর ঘটনাস্থলে উপস্থিত হয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের শান্ত হয়ে ক্যাম্পাসে ফিরে আসার আহ্বান জানালে প্রট্টরের সঙ্গে শিক্ষার্থীরাও ক্যাম্পাসে ফিরে আসেন।

এসময় ঢাবি শিক্ষার্থীরা- ‘বাতিল বাতিল বাতিল চাই, অধিভুক্তি বাতিল চাই’, ‘বাতিল বাতিল বাতিল চাই, ৭ কলেজ বাতিল চাই’, ‘আমার ভাই আহত কেন, প্রশাসন জবাব চাই’- ইত্যাদি স্লোগান দিতে থাকেন।

সরেজমিনে দেখা যায়, নিউমার্কেট-বীলক্ষেত এলাকার পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় ও ৭ কলেজের শিক্ষার্থীরা নিজ নিজ ক্যাম্পাসে ফিরে যেতে দেখা যায়।

এসময় প্রষ্টর বলেন, আগামীকাল ৭ কলেজ ইস্যুতে মিটিং ঢাকা হয়েছে। আমরা অধিভুক্তি বাতিল বিষয়ে মন্ত্রণালয়ে অনেক আগেই চিঠি দিয়েছি। আমরাও ৭ কলেজকে আমাদের সঙ্গে রাখতে চাই না। আমরা ২০২৪-২৫ সেশন থেকেই তাদের বাদ দেওয়ার চিন্তা করেছি।

তিনি আরও বলেন, এখন পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৮-৯ জন আহতের কথা জানতে পেরেছি। তাদের ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের চিকিৎসা দেওয়া হচ্ছে।